

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা শাখা
ঢাকা

নং-১৯.০০.০০০০.৮১০.০৩.০০১.১৯-৩২২

তারিখঃ ২০ জানুয়ারি ২০২০

প্রেরকঃ নওরীন আহসান
মহাপরিচালক (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)
১/৪৬, পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা ফেলো মোহাম্মদ আশিক রহমান আগামী ২৬ জানুয়ারি ২০২০ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ভারত ভ্রমণের সরকারী মঞ্জুরী জ্ঞাপন

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা ফেলো মোহাম্মদ আশিক রহমান আগামী ২৬ জানুয়ারি ২০২০ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠিতব্য Third Kautilya Fellows Programme (KFP)-এ যোগদানের নিমিত্তে ভারতে সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক। উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ। তিনি আগামী ২৫ জানুয়ারি ২০২০ তারিখে অথবা নিকটবর্তী সময়ে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করতে পারেন এবং বর্ণিত সভা শেষে আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অথবা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করতে পারেন।

গ। বর্ণিত ভ্রমণে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক ইকোনমি ক্লাসে বিমান ভাড়া (ঢাকা-নয়াদিল্লি-ঢাকা) আবাসন, আহার এবং পরিবহনের ব্যয়ভার বহন করা হবে। তাছাড়াও বিধি মোতাবেক বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

ঘ। বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক সাত (০৭) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাঁকে প্রদত্ত যে কোন অগ্রীমের সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

(নওরীন আহসান)
মহাপরিচালক (গবেষণা)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৬। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। জনাব মোহাম্মদ আশিক রহমান, গবেষণা ফেলো, বিআইআইএসএস, ঢাকা।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।

(নওরীন আহসান)
মহাপরিচালক (গবেষণা)